

২

**কমনওয়েলথ দশম
শিক্ষা সম্মেলন
সমাপ্ত**

নাইরোবী, ২৬ জুলাই (এএফপি)।— গত শুক্রবার কমনওয়েলথ শিক্ষা মন্ত্রীদের দশম সম্মেলন শেষ হয়। সম্মেলনে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য যথাযথ সুযোগ-সুবিধা বৃদ্ধিতে বিবেচনার জন্য সদস্য দেশগুলোর প্রতি আহ্বান জানানো হয়।

পাঁচ দিনব্যাপী সম্মেলন শেষে প্রকাশিত এক ইশতেহারে বৃত্তিমূলক শিক্ষার উন্নয়নে সদস্য দেশগুলোর শিক্ষা কর্মসূচীর প্রত্যাবর্তন প্রতি দৃঢ় সমর্থনের কথা উল্লেখ করা হয়।

মন্ত্রীরা দূরশিক্ষায় সহযোগিতার জন্য প্রস্তাবিত কমনওয়েলথ বিশ্ববিদ্যালয় স্থাপনের রিপোর্টের ব্যাপারে মতাকা প্রকাশ করেন।

এই প্রথম কেনিয়া, নাইজেরিয়া, তাজানিয়া ও মৌরিসাস কমনওয়েলথ বৃত্তিদাতা দেশগুলোর সারিতে যোগ দিয়েছে।

৩৭টি দেশের ৩৩ জন শিক্ষা মন্ত্রী এ সম্মেলনে অংশগ্রহণ করেন।